আটপাড়া উপজেলা পরিষদ কার্যালয়
উপজেলা: আটপাড়া, জেলা: নেত্রকোণা।

আটপাড়াউপজেলা পরিষদের অক্টোবর/২০২৩ মাসে অনুষ্ঠিত সাধারণ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ খায়রুল ইসলাম<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ, আটপাড়া, নেত্রকোণা। |
| সভার তারিখ | : | ২৬ অক্টোবর ২০২৩ খ্রিঃ |
| সভার সময় | : | বেলা : ১১.৩০ঘটিকা। |

সভায় উপজেলা পরিষদ চেয়ারম্যান উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পরস্বাগত বক্তব্যসহসভার কার্যক্রম পরিচালনা করার জন্য জনাব মোঃ শাকিল আহমেদ, উপজেলা নির্বাহী অফিসারও মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা-কে অনুরোধ করেন। চেয়ারম্যান মহোদয়ের অনুরোধক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২৩ মাসের কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান এবং এতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে সভায় দৃঢ়ীকরণ করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী এ মাসের মাসিক সভায় বিভাগ ভিত্তিক কার্যক্রম আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

**০১। বিভাগীয় আলোচনা :**

| ক্র: নং | বিভাগীয় আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ:উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায়জানান যে, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর এর পরিত্যক্ত ভবন ভাঙ্গার প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার জন্য উপজেরা নির্বাহী অফিসার এবং প্রকৌশলী আটপাড়া, নেত্রকোণাকে অনুরোধ করেন। এছাড়া অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে সেবার মান আরো বৃদ্ধি করতে হবে। | ০১.উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা<br>আটপাড়া,নেত্রকোণা<br>০২. উপজেলা প্রকৌশলী<br>আটপাড়া, নেত্রকোণা। |
| ০২. | উপজেলা স্বাস্থ্য ও প: প: বিভাগ:উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,আটপাড়া সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা<br>আটপাড়া, নেত্রকোণা। |
| ০৩. | কৃষি বিভাগ: উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, সরিষা আবাদ বৃদ্ধির লক্ষ্যে আটপাড়া উপজেলায় ২২০০ জন কৃষক-কৃষাণীদের নামে বিনামূল্যে প্রনোদনা প্রদান করা হয়েছে। সময়মত সরিষা বীজ যেন কৃষকগণ জমিতে বপন করতে পারেন তার জন্য উপজেলা কৃষি অফিস থেকে যথাযথ ব্যবস্থা গ্রহণ করেছেন। প্রতিজন কৃষক ১ কেজি সরিষা বীজ, ১০ কেজি এমওপি সার ও ১০ কেজি ডিএপি সার প্রপ্ত হয়েছেন। এছাড়া অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার<br>আটপাড়া, নেত্রকোণা। |
| ০৪. | ত্রাণ ও দুর্যোগ বিভাগ: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, কাবিটা ও টি.আর কর্মসূচীর ২০২৩-২০২৪ অর্থ বছরের ১ম পর্যায়ের কাজের মেয়াদ বৃদ্ধি করা হয়েছে ১৫ ই নভেম্বর পর্যন্ত। ৩ তারিখের মধ্যে কাজ সমাপ্ত করার জন্য অনুরোধ করেন। হেরিং বোর্ড এর ১ কি.মি. টেন্ডার কার্যক্রমের সিডিউল বিক্রির কাজ চলমান। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | প্রকল্পেরকাজ দ্রুত করার জন্য সিদ্ধান্ত গ্রহীত হয়।<br>বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,<br>আটপাড়া,নেত্রকোণা। |
| ০৫. | প্রাথমিক শিক্ষা বিভাগ: উপজেলা শিক্ষা অফিসার, আটপাড়া জানান যে, ২য় শ্রেণি ও ৩য় শ্রেণি ছাড়া সকল শ্রেণির বই গৃহীত হয়েছে।০১.০১.২০২৩ তারিখে সকল | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার<br>আটপাড়া, নেত্রকোণা। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | শিক্ষার্থীদের হাতে নতুন শিক্ষাবর্ষের বই প্রদান নিশ্চিত করা হবে। তিনি আরো বলেন যে, ১০৪০২ জন শিক্ষার্থিদের মাঝে উপবৃত্তির অর্থ প্রদান করার কার্যক্রম সম্পন্ন হয়েছে। ডেঙ্গু প্রতিরোধে পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম চলমান রয়েছে। প্রতিটি ইউনিয়নে মডেল স্কুল প্রতিষ্ঠার ক্ষেত্রে প্রয়োজনীয় ০২ টি করে বিদ্যালয় বাছাই করে তথ্যাদি প্রেরণ করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ০৬. | <u>সমাজসেবা বিভাগ</u>: উপজেলা সমাজ সেবা অফিসার, আটপাড়া জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে ১ম কিস্তির ভাতার টাকা ইতোমধ্যে ভাতা ভোগীদের মোবাইল হিসাব নম্বরে আসতে শুরু করেছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সেবা প্রার্থীদের টাকা প্রতারক চক্র যেন না নিতে পারে সে বিষয়ে লক্ষ রাখতে হবে প্রয়োজনে নাম্বার সংগ্রহ করে থানায় যোগাযোগ করতে হবে। বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ০৭ | <u>স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ:</u><br>উপজেলা প্রকৌশলী, আটপাড়া জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের এডিপি ও উন্নয়ন খাতে বরাদ্দের অনুকূলে গৃহিত প্রকল্প তালিকা নিম্নবর্ণিতভাবে প্রকল্পসমূহ বাস্তবায়নের স্বার্থে উক্ত প্রকল্প তালিকা অনুমোদন প্রয়োজন।এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ২০২৩-২০২৪ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) তালিকা সর্বসম্মতভাবে গৃহীত হয়। সকল কাজ সুষ্ঠভাবে সম্পন্ন করারসিদ্ধান্ত গৃহীত হয়। | ০১. উপজেলা নির্বাহী অফিসার আটপাড়া, নেত্রকোণা।<br>০২. উপজেলা প্রকৌশলী আটপাড়া, নেত্রকোণা।<br>০৩. ইউনিয়ন পরিষদ চেয়াম্যান (সকল) আটপাড়া, নেত্রকোণা। |

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | স্কীমের নাম | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। | স্বরমুশিয়া | আড়াগাঁও আলী নেওয়াজের বাড়ী হতে গড়ামারা বিলের রাস্তায় ২ (দুই)টি ইউ-ড্রেইন নির্মাণ। | ২০০০০০.০০ |
| ২। | স্বরমুশিয়া | ঘাগড়া নূর আহমেদের বাড়ীর পার্শ্বে ১ (এক)টি ইউ-ড্রেইন নির্মাণ এবং ভবানীপুর চালা মসজিদের পার্শ্বে ১ (এক)টি ইউ-ড্রেইন নির্মাণ। | ২০০০০০.০০ |
| ৩। | শুনই | শুনই উচ্চ বিদ্যালয় রাস্তায় মোজাম্মেল ও মন্তু মিয়ার ক্ষেতের পার্শ্বে ১ (এক)টি ইউ-ড্রেইন নির্মাণ। | ২০০০০০.০০ |
| ৪। | শুনই | ফুলবাড়ীয়া খোকন মিয়ার বাড়ীর উত্তরে রাস্তায় খালের উপর ইউ-ড্রেইন নির্মাণ। | ২০০০০০.০০ |
| ৫। | লুনেশ্বর | কাউপুর হাওরের রাস্তায় বজলু মিয়ার জমির উপর ইউ-ড্রেইন নির্মাণ। | ২০০০০০.০০ |
| ৬। | লুনেশ্বর | কাছুটিয়া হুমায়ুনের বাড়ীর পার্শ্বে ১ (এক)টি ও কাছুটিয়া কাউপুর রাস্তায় হাসেন মাস্টারের জমির উপর রাস্তায় ১ (এক)টিসহ মোট ০২ (দুই)টি ইউ-ড্রেইন নির্মাণ। | ২০০০০০.০০ |
| ৭। | বানিয়াজান | মোবারকপুর পূর্বপাড়া জামে মসজিদের টয়লেট নির্মাণ। | ২০০০০০.০০ |
| ৮। | বানিয়াজান | মোবারকপুর পূর্বপাড়া জামে মসজিদ টাইলস দ্বারা উন্নয়ন। | ২০০০০০.০০ |
| ৯। | তেলিগাতী | বাদেবড়তলী রিয়াজের বাড়ীর সামনে ১ (এক)টি বক্স কালভার্ট নির্মাণ। | ২০০০০০.০০ |
| ১০। | তেলিগাতী | শ্রীপুর দুলাল মেম্বারের বাড়ী হতে বিল্লালের বাড়ী পর্যন্ত রাস্তায় বক্স কালভার্ট নির্মাণ। | ২০০০০০.০০ |
| ১১। | দুওজ | দুওজ বিন্দাগোড়াটের রাস্তা হতে ইদ্রিছ ফকিরের পুকুর পাড় ভায়া স্বপন মাস্টারের ক্ষেতের পার্শ্বে ১ (এক)টি কালভার্ট নির্মাণ ও গণেশের হাওরে বলামপুরের গোড়াটে ১ (এক)টি কালভার্ট নির্মাণ। | ২০০০০০.০০ |
| ১২। | দুওজ | কৈলং পাতারপাড়া মসজিদের রাস্তায় হান্নানের ক্ষেতের পার্শ্বে ১ (এক)টি কালভার্ট নির্মাণ ও শ্রীরামপাশা জালাল ফকিরের বাড়ীর রাস্তায় বারেক মাস্টারের ক্ষেতের পার্শ্বে ১ (এক)টি কালভার্ট নির্মাণ। | ২০০০০০.০০ |
| ১৩। | সুখারী | সুখারী ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে নলকূপ সরবরাহ। | ২০০০০০.০০ |
| ১৪। | সুখারী | খলাপাড়া কদমতলা বাজারের পূর্ব পার্শ্বে ১ (এক)টি ইউ-ড্রেইন নির্মাণ ও ধর্মরায় শিহাবের বাড়ীর সামনে রাস্তায় ১ (এক)টি ইউ-ড্রেইন নির্মাণ। | ২০০০০০.০০ |
| ১৫। | ভাইস চেয়ারম্যান (পুরুষ) | বানিয়াজান বন্দের বাড়ী সুকুমার দেবনাথের ক্ষেতের নিকট ১ (এক)টি ইউ-ড্রেইন নির্মাণ। | ২০০০০০.০০ |
| ১৬। | ভাইস চেয়ারম্যান (পুরুষ) | বানিয়াজান ইসলামপাড়া আব্দুল মতিনের বাড়ীর নিকট ইউ-ড্রেইন নির্মাণ। | ২০০০০০.০০ |
| ১৭। | ভাইস চেয়ারম্যান (মহিলা) | স্বরমুশিয়া ইউনিয়নের বাশাটী পূর্বপাড়া গ্রামে সামাজিক কবরস্থানের বাউন্ডারী ওয়াল নির্মাণ। | ২০০০০০.০০ |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৮। | ভাইস চেয়ারম্যান (মহিলা) | স্বরমুশিয়া ইউনিয়নের বাশাটি গ্রামের হোসেন মিয়ার বাড়ীর সামনে ও দেশীউড়া গ্রামে ফজলু মিয়ার বাড়ীর সামনে রাস্তায় ইউ-ড্রেইন নির্মাণ। | ১০০০০০.০০ |
| ১৯। | | জরিপ তদারকি ১%। | ১০৬৬৮০.০০ |
| ২০। | | আনুষঙ্গিক (০.৫%) (নির্দেশিকা মোতাবেক) | ৫৩৩৪০.০০ |
| | | মোট | ৩৭৬০০১০.০০ |

| | | | |
|---|---|---|---|
| ০৮. | <u>সমবায় বিভাগ:</u> উপজেলা সমবায়কর্মকর্তা, আটপাড়া জানান যে,আশ্রয়ন-২ প্রকল্পে আওতায় ০৩ টি আশ্রয়ন প্রকল্প থেকে এ মাসে ঋণ ১০,০৮০/- টাকা আদায় করা হয়েছে। অডিট ফি বাবদ ১৯৩০/- এবং সমবায় উন্নয়ন তহবিল বাবদ ৫৭৯/- আদায় করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ঋণ আদায় কার্যক্রম জোরদার করতে হবে এবং আশ্রয়ণ প্রকল্পে সমবায় সমিতি গঠন ও নিয়মিত মনিটরিং করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ০৯. | <u>যুব উন্নয়ন অধিদপ্তর:</u> উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ১ নভেম্বর রোজ বুধবার জাতীয় যুব দিবস উদযাপন উপলক্ষ্যে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয় এবং সংশ্লিষ্ট সকলকে আমন্ত্রন জানিয়ে সকলের উপস্থিতি কমানা করা হয়। তিনি আরো বলেন যে, প্রশিক্ষণ ও ঋণসহ বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে এবং ঋণ আদায়ে মাঠ ভিজিট বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১. উপজেলা যুব উন্নয়ন অফিসার আটপাড়া,নেত্রকোণা।<br>০২. ইউপি চেয়ারম্যান (সকল) আটপাড়া, নেত্রোকণা। |
| ১০. | <u>পরিবার পরিকল্পনা বিভাগ:</u> উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা দুওজ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে মাটি ভরাটের অনুরোধ করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা। |
| ১১. | <u>পল্লী উন্নয়ন বিভাগ:</u> উপজেলা পল্লীউন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা আটপাড়া,নেত্রকোণা। |
| ১২ | <u>মৎস্য বিভাগ:</u>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা |
| ১৩. | <u>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা:</u> উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা। |
| ১৪. | <u>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা:</u><br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।। | ১. উপজেলা মহিলা বিষয়ক অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ১৪. | <u>উপজেলা খাদ্য বিভাগ:</u> কর্মকর্তা জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা। |
| ১৫. | <u>উপ-সহকারীপ্রকৌশলী,জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:</u> উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় রুরাল পাইপড ওয়াটার সাপ্লাই স্কিমের মাধ্যমে তেলিগাতী ইউনিয়ন পরিষদে কাজ চলমান রয়েছে। সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের ২০২২-২০২৩ অর্থবছরের উপজেলা WATSON কমিটির থেকে দুটি ইউনিয়নের স্থান তালিকা পাওয়া গিয়েছে। বাকি পাচটি ইউনিয়নের স্থান তালিকা প্রয়োজন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্থান তালিকা দ্রুত দেয়ার সিদ্ধান্ত গ্রহীত হয়।<br>যেগুলোর কাজ চলমান সেগুলোর কাজ দ্রুত সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান সকল আটপাড়া নেত্রকোণা।<br>ও<br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) আটপাড়া, নেত্রকোণা। |
| ১৬ | <u>বিদ্যুৎ বিভাগ, আটপাড়া:</u> কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।। | সহকারী জেনারেল ম্যানেজার, আটপাড়া পল্লী বিদ্যুৎ সমিতি, আটপাড়া, নেত্রকোণা। |
| ১৭ | <u>তথ্যসেবা বিভাগ, (তথ্যআপা), আটপাড়া:</u> তথ্যসেবা | | |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | কর্মকর্তা জানান যে, সেপ্টেম্বর/২০২৩ খ্রি. মাস ০২ টি এবং অক্টোবর/২০২৩ খ্রি. মাসের ০২ টিসহ মোট ০৪ টি উঠান বৈঠক সুসম্পন্ন হয়েছে। তেলিগাতী, দুওজ, স্বরমুশিয়া ও লুনেশ্বর ইউনিয়নে উক্ত বৈঠকগুলো করা হয়। তথ্যকেন্দ্রের ও মাঠ পর্যায়ের কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। |

০৩ (১)চেয়ারম্যান, স্বরমুশিয়া ইউনিয়ন পরিষদঃতিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

০৩ (২)চেয়ারম্যান, শুনই ইউনিয়ন পরিষদঃ তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে তিনি চানপুর ও মল্লিকপুর শুনই গ্রাম পুলিশ নিয়োগ দেয়ার জন্য অনুরোধ জানান।

০৩(৩)চেয়ারম্যান, দুওজ ইউনিয়ন পরিষদঃতিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

৩ (৪)চেয়ারম্যান, লুনেশ্বর ইউনিয়ন পরিষদঃ তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

৩ (৫)চেয়ারম্যান, বানিয়াজান ইউনিয়ন পরিষদঃতিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

০৩ (৬) চেয়ারম্যান, তেলিগাতী ইউনিয়ন পরিষদঃতিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

০৩ (৭) চেয়ারম্যান, সুখারী ইউনিয়ন পরিষদঃতিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

০৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা: তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বক্তব্য রাখেন।

০৬। অন্যান্য আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপঃ

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারীকর্তৃপক্ষ। |
|---|---|---|---|
| ০১ | ২০২৩-২০২৪ অর্থ বছরে বিভিন্ন সময়ে উপজেলা পরষিদের অভন্তরে বর্জ্য ব্যবস্থাপনা ও পরিষ্কার পরিচ্ছন্নতার কাজে ব্যায়িত অর্থ বাবদ ৩০,০০০/- টাকা উত্তোলন কারর বিষয়ে আলোচনা হয়। | ২০২৩-২০২৪ অর্থ বছরে বিভিন্ন সময়ে উপজেলা পরষিদের অভন্তরে বর্জ্য ব্যবস্থাপনা ও পরিষ্কার পরিচ্ছন্নতার কাজে ব্যায়িত অর্থ বাবদ ৩০,০০০/- টাকা উত্তোলনের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ আটপাড়া, নেত্রকোণা। ও উপজেলা নির্বহী অফিসার আটপাড়ানেত্রকোণা। , |
| ০২ | উপজেলা পরিষদের বরাদ্দকৃত জীপ গাড়ির ডেন্টিং, পেন্টিং, ইঞ্জিন ওভার হলিং, ডেকোরেশন ও চারটি টায়ার সাসপেনশন চারটি শক অ্যাবজাবারসহ কাজ করানো প্রয়োজনিয় ব্যবস্থা গ্রহণের জন্য আলোচনা হয়। | উপজেলা পরিষদের বরাদ্দকৃত জীপগাড়ির ডেন্টিং, পেন্টিং, ইন্জিন ওভার হলিং, ডেকোরেশন ও চারটি টায়ার সাসপেনশন চারটি শক অ্যাবজাবারসহ কাজ করানো জন্য যাচাই-বাছাইয়ের অন্তে প্রত্যয়নের জন্য বিআরটিতে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ আটপাড়া, নেত্রকোণা। ও উপজেলা নির্বহী অফিসার আটপাড়ানেত্রকোণা। , |

০৭।উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণা: তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বক্তব্য রাখেন। সকল বিভাগের সরকারি দায়িত্ব যথাযথভাবে পালন করার জন্য আহবান জানান। বিশেষ করে শিক্ষা, স্বাস্থ্য ক্ষেত্রে গুরুত্ব আরোপের জন্য সংশ্লিষ্ট সকলকে আরো তৎপর হওয়ার আহবান জানান।

০৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা: তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বক্তব্য রাখেন। তিনি জনপ্রতিনিধি, সকল বিভাগীয় কর্মকর্তা এবং ইউপি চেয়ারম্যানগণকে বার্ষিক উন্নয়ন কর্মসূচির কাজসহ অন্যান্য উন্নয়নমূলক কাজ যথাযথ সময়ে সম্পন্ন করার জন্য বাস্তব পদক্ষেপ গ্রহণ করার অনুরোধ জানান।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ খায়রুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
আটপাড়া, নেত্রকোণা

CamScanner

স্মারক নং- ০৫.৪৫.৭২০৪.০০১.০৬.০০৪.২২-৮১২

তারিখঃ ১০ কার্তিক ১৪৩০ বাংলা
২৬ অক্টোবর ২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১. মাননীয় সংসদ সদস্য, ১৫৯ নেত্রকোণা-৩ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৪. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ/জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ, নেত্রকোণা।
০৫. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা
০৬. উপজেলা .......................................................অফিসার, আটপাড়া, নেত্রকোণা।
০৭. চেয়ারম্যান ......................................................ইউনিয়ন পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
০৮. জনাব ..................................................................................................

(মোঃ শাকিল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা
ফোন নং: ০৯৫২২-৭৪০০১

CS CamScanner